২০টি কোম্পানি ও দুই শতাধিক চাকরির সুযোগ নিয়ে স্কিল জবস আয়োজন করেছে ‘আইটি জব ফেয়ার-২০২৪’

ড্যাফোডিল পরিবারের অধিভুক্ত অনলাইন জব পোর্টাল এবং অনলাইনে চাকরি খোঁজার প্রতিষ্ঠান ও রিক্রুটমেন্ট সল্যুশন প্রোভাইডার স্কিল জবস আজ ২৬ জানুয়ারি ২০২৪ তারিখে ধানমন্ডির ড্যাফোডিল প্লাজায় ‘আইটি জব ফেয়ার-২০২৪’ আয়োজন করে। উক্ত জব ফেয়ারে দুই শতাধিক চাকরির সুযোগ নিয়ে দেশের স্বনামধন্য ২০টি আইটি কোম্পানি অংশগ্রহণ করেছে। এইজব ফেয়রের মূল লক্ষ্য ছিল চাকরিদাতা এবং চাকরিপ্রার্থীদের মধ্যে সরাসরি যোগাযোগ স্থাপন করা। ফেয়ারটিতে প্রায় এক হাজারেরও বেশি তথ্যপ্রযুক্তির জ্ঞানসম্পন্ন চাকরি প্রার্থী অংশগ্রহণ করে এবং অংশগ্রহনকৃত কোম্পানিগুলোর বিভিন্ন পদে সরাসরি আবেদন করে। তাছাড়া, অনেক কোম্পানি ফেয়ার চলাকালীন সময়ে স্পট ইন্টারভিউয়ের মাধ্যমে তাদের প্রয়োজনীয় প্রার্থী নির্বাচন করেন।

জব ফেয়ারের উদ্বোধনী অনুষ্ঠানে ড্যাফোডিল ফ্যামিলি এবং স্কিল জবসের প্রধান নির্বাহী কর্মকর্তা ড. মোহাম্মদ নুরুজ্জামান বলেন, “আইটি সেক্টর বাংলাদেশের অর্থনীতির একটি গুরুত্বপূর্ণ খাত। এই সেক্টরে চাকরির সুযোগ দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এই জব ফেয়ারের মাধ্যমে আমরা চাকরিদাতা এবং চাকরিপ্রার্থীদের মধ্যে সেতুবন্ধন স্থাপন করতে চাই। আমরা আশা করি, এই জব ফেয়ারটি উভয় পক্ষের জন্যই একটি সুবিধাজনক প্ল্যাটফর্ম হবে।”

জব ফেয়ারে সিভি সাবমিশন এবং স্পট রিক্রুটমেন্টের পাশাপাশি অংশগ্রহণকারী চাকরিপ্রার্থীদের জন্য ছিল আইটি সেক্টরে ক্যারিয়ার গঠন বিষয়ক তিনটি ওয়াার্কশপ এবং দুটি প্লেনারি সেশন। “এন্ট্রাপ্রেনিউরশীপ ই টেক ◌ঃ লাঞ্চিং ইউর স্টার্টআপ জার্নি” ও “ক্যারিয়ার এক্রিডিটেশন ইন আইটিঃ স্ট্র্যাটিডিজ ফর গ্রোথ” এই

সেশনগুলোতে বাংলাদেশের আইটি সেক্টরের শীর্ষস্থানীয় উদ্যোক্তা ও মেন্টররা অংশগ্রহণ করেন। বিভিন্ন বিশ^বিদ্যালয় থেকে সদ ¯œ◌াতক পাস করা চাকরিপ্রার্থী এবং অভিজ্ঞ চাকরি প্রার্থীরাও মেলায় এসেছেন নতুন চাকির খুঁজতে।

স্কিল জবসের এই আইটি জব ফেয়াারটি চাকরিদাতা এবং চাকরিপ্রার্থীদের জন্য একটি গুরুত্বপূর্ণ প্ল্যাটফর্ম হিসেবে বিবেচিত হচ্ছে। এই প্ল্যাটফর্মের মাধ্যমে তারা তাদের লক্ষ্য অর্জনে সহায়তা পাবে বলে আশা করা হচ্ছে।

এই অনুষ্ঠানের সহযোগি পার্টনার হিসেবে রয়েছে বাংলাদেশ এসোসিয়েশন অব সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিস (বেসিস), বাংলাদেশ কম্পিউটার সমিতি (বিসিএস), বাংলাদেশ উইমেন ইন টেকনোলজি (বি ডবিøউ আই টি), প্রথম আলো, টি কে গ্রুপ এবং প্রিমিয়াম হোমস লিমিটেড।

ক্যাপশনঃ ড্যাফোডিল পরিবারের অধিভুক্ত অনলাইন জব পোর্টাল এবং অনলাইনে চাকরি খোঁজার প্রতিষ্ঠান ও রিক্রুটমেন্ট সল্যুশন প্রোভাইডার স্কিল জবস আয়োজিত ’আইটি জব ফেয়ার ২০২৪’ এ ড্যাফোডিল পরিবারের চেয়ারম্যান ড. মোঃ সবুর খান ও ড্যাফোডিল পরিবার ও স্কিল জবসের প্রধান নির্বাহী কর্মকর্তা ড. মোহাম্মদ নুরুজ্জামানসহ প্যানেল আলোচক ও অংশগ্রহণকারীবৃন্দ।

অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়তে সাংবাদিকদের সহযোগিতা চাই: শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী বলেছেন, অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়তে সাংবাদিকদের সহযোগিতা চাই। দেশের ক্রান্তিলগ্নে সবসময় সাংবাদিকদের ভূমিকা অগ্রগণ্য থাকে। তাদের সাহসী লেখনির মাধ্যমে প্রতিক্রিয়াশীল গোষ্ঠীর দেশবিরোধী অপতৎপরতা নস্যাৎ হয়।

চট্টগ্রাম সাংবাদিক ইউনিয়নের (সিইউজে) উদ্যোগে সংগঠনের সাবেক সভাপতি ও সাধারণ সম্পাদকদের সম্মাননা প্রদান অনুষ্ঠানে ভার্চুয়ালি যুক্ত হয়ে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী এ কথা বলেন।
চট্টগ্রামের সাংবাদিকদের প্রশংসা করে শিক্ষামন্ত্রী বলেন, ভবিষ্যতে চট্টগ্রামের সাংবাদিকদের পাশে থেকে মুক্তিযুদ্ধের চেতনা সমুন্নত রাখতে বর্তমান সরকার কাজ করবে।

আজ বৃহস্পতিবার চট্টগ্রাম প্রেস ক্লাবের বঙ্গবন্ধু হলে আয়োজিত অনুষ্ঠানে সিইউজের প্রতিষ্ঠালগ্ন ১৯৬০ সাল থেকে ২০২২ সাল পর্যন্ত ৩৬ জন সাবেক সভাপতি ও সাধারণ সম্পাদককে সম্মাননা দেয়া হয়।

সিইউজের সভাপতি তপন চক্রবর্তীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের (বিএফইউজে) সাবেক সভাপতি মনজুরুল আহসান বুলবুল, বিএফইউজে সভাপতি ওমর ফারুক ও মহাসচিব দীপ আজাদ। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বিএফইউজে সহ-সভাপতি শহীদ উল আলম, বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্টের সদস্য কলিম সরওয়ার, চট্টগ্রাম প্রেস ক্লাবের সাবেক সভাপতি আলী আব্বাস, সিইউজের সাধারণ সম্পাদক ম. শামসুল ইসলাম, চট্টগ্রাম প্রেস ক্লাবের সভাপতি সালাহ উদ্দিন মো. রেজা, সাধারণ সম্পাদক দেবদুলাল ভৌমিক প্রমুখ। সম্মাননাপ্রাপ্তদের মধ্য থেকে বক্তব্য দেন সাবেক সাধারণ সম্পাদক ওসমান গণি মনসুর, সাবেক সভাপতি আজিজুল ইসলাম ভুঁইয়া ও অঞ্জন কুমার সেন। এছাড়াও ভিডিওবার্তা ও শুভেচ্ছাবার্তা প্রেরণ করেন সাবেক সাধারণ সম্পাদক সৈয়দ মোহাম্মদ উল্লাহ ও মঈনুদ্দিন নাসের।
বিশেষ অতিথির বক্তব্যে মনজুরুল আহসান বুলবুল বলেন, উপমহাদেশে যখন সাংবাদিকতা কাঠামো পাচ্ছে তখন চট্টগ্রাম সাংবাদিক ইউনিয়নের ভূমিকা ছিল।

অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন সিইউজের যুগ্ম সম্পাদক সাইদুল ইসলাম। সম্মাননা প্রদান উপলক্ষে সিইউজের উদ্যোগে প্রকাশিত সিইউজে সম্মাননা স্মারক বার্তাজীবীর মোড়ক উন্মোচন করেন অতিথিরা। সিইউজের সাবেক সভাপতি ও সাধারণ সম্পাদকদের জীবনী নিয়ে এবারের বার্তাজীবীর আয়োজন।
পরে বিকেলে সিইউজের সভাপতি তপন চক্রবর্তীর সভাপতিত্বে সংগঠনের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

শিক্ষার্থীদের বিজ্ঞান ও প্রযুক্তি চর্চায় সম্পৃক্ত হতে হবে: প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী

প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী রুমানা আলী বলেছেন, পরিবর্তিত পৃথিবীর সাথে তাল মিলিয়ে চলতে হলে শিক্ষার্থীদের বিজ্ঞান ও প্রযুক্তি চর্চায় সম্পৃক্ত হতে হবে।
তিনি বলেন, বিজ্ঞান ও প্রযুক্তির নতুন সব আবিষ্কারে পৃথিবী যখন এগিয়ে যাচ্ছে,তখন বর্তমান প্রজন্মকে দক্ষ ও যোগ্য করে গড়ে তোলার বিকল্প নেই।
প্রতিমন্ত্রী আজ শ্রীপুর উপজেলা পরিষদ প্রাঙ্গণে ৪৫ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ, ৮ম বিজ্ঞান অলিম্পিয়াড ও ৮ম বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা-২০২৪ উপলক্ষে আয়োজিত আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন। উপজেলা নির্বাহী কর্মকর্তা শামীমা ইয়াসমিনের সভাপতিত্বে অনুষ্ঠানে শ্রীপুর উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট মো. সামসুল আলম প্রধান, শ্রীপুর পৌর মেয়র আনিছুর রহমান, সহকারী কমিশনার (ভুমি) আল মামুন বক্তৃতা করেন।

যতদ্রুত সম্ভব মতলব-গজারিয়া সেতু নির্মাণ করা হবে: মায়া

চৌধুরী

চাঁদপুর -২ আসেনর সংসদ সদস্য ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ও মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া বীরবিক্রম বলেছেন, মতলববাসীর দীর্ঘদিনের দাবি মতলব-গজারিয়া সেতু নির্মাণ। ইনশাআল্লাহ আল্লাহর রহমতে যতদ্রুত সম্ভব এই সেতু নির্মাণ করা হবে।বৃহস্পতিবার (২৫ জানুয়ারি) নিজ বাড়ি মোহনপুরে আওয়ামী লীগের অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীদের সাথে মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন।

তিনি বলেন, গত ১০ বছরে মতলবে যে উন্নয়ন হয়েছে, আগামী ৫ বছরে তার চেয়ে বেশি উন্নয়ন হবে। মতলবে গত ৫ বছরে তেমন কোন উন্নয়ন হয়নি, এবার উন্নয়ন হবে। মতলবের ছোট বড় যতরকমের অসমাপ্ত কাজ আছে তা পর্যায়ক্রমে করা হবে। মতলব আর মতলব থাকবে না, মিনি সিংগাপুরে পরিণত হবে।

এসময় উপস্থিত ছিলেন, ছেংগারচর পৌরসভার মেয়র লায়ন আরিফ উল্লাহ সরকার, পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আতাউর রহমান ঢালী, মতলব উত্তর উপজেলা আওয়ামী লীগের সদস্য রাধেশ্যাম চান্দু, আওয়ামী লীগ নেতা মানিক দর্জি, বোরহান চৌধুরী, মোহনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আব্দুল হাই প্রধান, সাধারণ সম্পাদক হুমায়ুন হাওলাদার, বাগানবাড়ি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও সাবেক ইউপি চেয়ারম্যান যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা নান্নু মিয়া, সাধারণ সম্পাদক হোসাইন মোহাম্মদ বাবুল, ষাটনল ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও সাবেক ইউপি চেয়ারম্যান একেএম শরীফ উল্লাহ সরকার, জহিরাবাদ ইউপি চেয়ারম্যান এসএম সেলিম রেজা, কেন্দ্রীয় যুবলীগের সাবেক সদস্য রিয়াজুল হাসান রিয়াজ, উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক কাজী শরীফ, ছেংগারচর পৌর যুবলীগের সাধারণ সম্পাদক জাকির খান, পৌরসভার সাবেক প্যানেল মেয়র রুহুল আমিন মোল্লা, ছেংগারচর পৌর আওয়ামী লীগের নেতা খোকন প্রধান, উপজেলা মৎস্যজীবী লীগের সভাপতি লাভলু মিয়া, সাধারণ সম্পাদক শাহিন চৌধুরী প্রমুখ।

এনসিটিবিতে শিক্ষামন্ত্রী, নতুন শিক্ষাক্রমের পরীক্ষা ও মূল্যায়ন পদ্ধতি পর্যালোচনার আহ্বান

নতুন শিক্ষাক্রমের পরীক্ষা ও মূল্যায়ন পদ্ধতি পর্যালোচনা করে নীতিনির্ধারণী পর্যায়ে সুপারিশ করার জন্য জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডকে (এনসিটিবি) অনুরোধ করেছেন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেল।

শিক্ষামন্ত্রী বৃহস্পতিবার রাজধানীর মতিঝিলে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডে পরীক্ষা ও মূল্যায়নের সঙ্গে সংশ্লিষ্ট বিশেষজ্ঞদের সঙ্গে এক মতবিনিময় শেষে এই অনুরোধ করেন। শিক্ষা মন্ত্রণালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, বিশেষজ্ঞদের সঙ্গে আলোচনা করে নতুন কারিকুলামের মূল্যায়ন পদ্ধতিতে ধারাবাহিক মূল্যায়ন, ষান্মাসিক ও বার্ষিক পরীক্ষার বিষয়ে শিক্ষাবর্ষের প্রথম মাস জানুয়ারি এবং ফেব্রুয়ারি পর্যন্ত সৃষ্টি হওয়া অভিজ্ঞতা, তথ্য ও উপাত্ত পর্যালোচনা করে, শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকদের জন্য মূল্যায়ন সহজবোধ্য করার বিষয়ে আরও বিস্তারিত খতিয়ে দেখার জন্য বলেন শিক্ষামন্ত্রী।

তিনি নীতিনির্ধারণী পর্যায়ে এ বিষয়ে সুপারিশ করার জন্য জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডকে অনুরোধ করেন। এসময় উপস্থিত ছিলেন জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের চেয়ারম্যান মো. ফরহাদুল ইসলাম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইইআরের অধ্যাপক ড. তারিক আহসান প্রমুখ।

আন্দোলনে ব্যর্থ হয়ে বিএনপি হতাশায় নিমজ্জিত : নাছিম

আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক কৃষিবিদ আ ফ ম বাহাউদ্দিন নাছিম বলেছেন, আন্দোলনে ব্যর্থ হয়ে বিএনপি হতাশায় নিমজ্জিত। আজ বৃহস্পতিবার সকালে জাতীয় প্রেস ক্লাবের জহুর হোসেন চৌধুরী হলে প্রবীণ ও কর্মাহত সাংবাদিক কল্যাণ পরিষদের চতুর্থ প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। বাহাউদ্দিন নাছিম বলেন, বিএনপি-জামায়াত দেশকে পিছিয়ে নেওয়ার জন্য রাজনৈতিক কর্মসূচির নামে ধ্বংসযজ্ঞ চালায়। এরা রাজনৈতিকভাবে দেউলিয়া হয়ে গেছে। মানুষের প্রতি এদের কোন দায়িত্ব ও কর্তব্যবোধ নেই। আন্দোলনে ব্যর্থ হয়ে এরা হতাশায় নিমজ্জিত। তিনি বলেন, নির্বাচনের পরে নির্বাচিত সরকারকে যখন সারা দুনিয়া থেকে সমর্থন দিয়েছে তখন বিএনপি-জামায়াত আন্দোলনের নামে মানুষ পুড়িয়ে মেরেছে। হত্যাকারী হিসেবে দেশের মানুষ এদের প্রত্যাখ্যান করেছে। দেশের মানুষ তাদের রাজনীতি আর চায়না। ধ্বংসাত্মক কর্মকান্ড কখনো গণতান্ত্রিক রাজনীতি হতে পারে না।
আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা একজন মানবিক মানুষ। তিনি মানবতার মা। তিনি কথায় না, কাজে বিশ্বাসী। প্রদানমন্ত্রী মানুষকে ভালবাসেন মানুষের প্রতি তার শ্রদ্ধাবোধ আছে। সাংবাদিকদের প্রতি তিনি কতটা সংবেদনশীল তা আপনারা সকলেই জানেন। উনি একজন সাংবাদিক বান্ধব মানুষ। সাংবাদিকবান্ধব সরকার হলো শেখ হাসিনার সরকার।
সংগঠনের সভাপতি বীর মুক্তিযোদ্ধা এ কে এম করম আলীর সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন জাতীয় প্রেসক্লাবের সাধারণ সম্পাদক শ্যামল দত্ত, ঢাকা সাংবাদিক ইউনিয়নের সভাপতি সোহেল হায়দার চৌধুরী, সাধারণ সম্পাদক আকতার হোসেন, সহ সভাপতি মানিক লাল ঘোষ, ঢাকা সাংবাদিক পরিবার বহুমুখী সমবায় সমিতির সাধারণ সম্পাদক মো. মফিজুর রহমান খান বাবু, প্রবীণ ও কর্মাহত সাংবাদিক কল্যাণ পরিষদের সাধারণ সম্পাদক শিকদার আবদুস সালাম প্রমুখ।

জনাব সঞ্জয় কুমার ভৌমিক (গ্রেড -১) এর বিসিক চেয়ারম্যান হিসেবে যোগদান

অদ্য ২৫, জানুয়ারি, ২০২৪ খ্রি. জনাব সঞ্জয় কুমার ভৌমিক (গ্রেড-
১) বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) এর চেয়ারম্যান হিসেবে যোগদান করেন। তিনি ব্রাহ্মণবাড়িয়া জেলার অন্তর্গত নাসিরনগর উপজেলার জেঠাগ্রামে জন্মগ্রহণ করেন। তিনি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় হতে বি.এস.সি (এজি) সম্মান এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় হতে এগ্রোফরেস্ট্রি এন্ড এনভাইরনমেন্ট এর উপর স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন।

বিসিক চেয়ারম্যান মহোদয় ১৯৯৪ সালে (১৩ তম) বিসিএস (প্রশাসন) ক্যাডারের সদস্য হিসেবে সরকারি চাকরিতে যোগদান করেন। দীর্ঘ কর্মজীবনে তিনি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন। তিনি সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট, সহকারী কমিশনার (ভুমি), সিনিয়র সহকারী কমিশনার, উপজেলা নির্বাহী অফিসার, জেলা ম্যাজিস্ট্রেট, প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে মাঠ পর্যায়ে বিভিন্ন কাজে নিজেকে জনগণের সেবায় নিয়োজিত করেছেন।

পরবর্তীতে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে পদায়ন হওয়ায় তিনি ০৮ নভেম্বর, ২০১৮ খ্রি. উক্ত মন্ত্রণালয়ে যুগ্ম-সচিব পদে যোগদান করেন। গত ০৭ সেপ্টেম্বর, ২০২১ খ্রি. অতিরিক্ত সচিব পদে পদোন্নতি প্রাপ্ত হয়ে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে দায়িত্ব পালনসহ বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম এর পরিচালক হিসেবে অতিরিক্ত দায়িত্ব পালন করেন।

ব্যাংক খাতে শীর্ষ করদাতার পুরস্কার পেল এবি ব্যাংক জাতীয় রাজস্ব বোর্ড সম্প্রতি এ পুরস্কার দেয়।

ব্যাংক খাতে বৃহৎ করদাতা ইউনিটে ২০২২-২৩ করবর্ষের জন্য শীর্ষ করদাতা শ্রেণিতে স্বীকৃতি পেয়েছে এবি ব্যাংক পিএলসি।

সম্প্রতি এক অনুষ্ঠানে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা) সৈয়দ মোহাম্মদ আবু দাউদের কাছ থেকে পুরস্কারটি গ্রহণ করেন এবি ব্যাংকের ইহ্সানুল আরেফিন ও শফিকুর রহমান।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বৃহৎ করদাতা ইউনিটের কর কমিশনার মো. ইকবাল বাহার।

ঢাবির নতুন উপ-উপাচার্য সীতেশ চন্দ্র বাছার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের নতুন উপ-উপাচার্য (শিক্ষা) হিসেবে নিয়োগ পেয়েছেন ফার্মেসি অনুষদের ডিন অধ্যাপক সীতেশ চন্দ্র বাছার।বৃহস্পতিবার (২৫ জানুয়ারি) শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনের মাধ্যমে এ পদে তাকে নিয়োগ দেওয়া হয়।

প্রজ্ঞাপনে বলা হয়েছে, ‘রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের অনুমোদনক্রমে ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ, ১৯৭৩ এর ১৩ (১) ধারা অনুযায়ী সীতেশ চন্দ্র বাছার, ডিন, ফার্মেসি অনুষদ ও অধ্যাপক, ফার্মেসি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়কে উক্ত বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য পদে ৪ বছরের জন্য নিয়োগ দেওয়া হলো।’

আওয়ামী লীগ সমর্থক শিক্ষকদের সংগঠন নীল দলের আহ্বায়ক সীতেশ চন্দ্র বাছার। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগ থেকে ১৯৮৬ সালে স্নাতক এবং ১৯৮৮ সালে স্নাতকোত্তর পাস করেন। ১৯৯৬ সালে ভারতের যাদবপুর বিশ্ববিদ্যালয় থেকে একই বিষয়ে পিএইচডি করেন। এরপর ১৯৯৭ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগে প্রভাষক হিসেবে যোগ দেন তিনি।